# জবাবদিহিতা

### কোন অভিযোগ দায়েরের পর কী ঘটে?

যৌন হয়ানির সকল অভিযোগ যথাশীঘ্র সম্ভব তদন্ত করা হবে, তবে অভিযোগ দায়েরের পর পাঁচদিন অতিক্রম করবে না। প্রিন্সিপ্যাল/ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে চ্যান্সেলরের প্রবিধান A-831 এর বিধিবিধান অনুসারে অবশ্যই তদন্তমূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

যদি প্রিন্সিপ্যাল বিশ্বাস করেন যে কথিত আচরণ অপরাধমূলক কার্যকলাপের আওতায় পড়ে, তাকে অবশ্যই পুলিশের সাথে যোগাযোগ করতে হবে। তদন্ত শেষ হওয়ার পর প্রিন্সিপ্যালকে তার তদন্তের ফল অবশ্যই লিখিত প্রতিবেদনের আকারে প্রকাশ করতে হবে। এই প্রতিবেদন অবশ্যই অভিযোগপ্রাপ্তির দশ স্কুলদিবসের মধ্যে প্রকাশ করতে হবে। স্কুল এই পদ্ধতির আওতায় দাখিলকৃত প্রতিটি অভিযোগ সম্পর্কে তার তদন্তের ফল তথ্য অথবা নথিপত্রের গোপনীয়তা সংক্রান্ত স্টেট ও ফেডারেল আইন এবং কথিত নিবর্তনকারীর গোপনীয়তার সাথে সঙ্গতি রেখে লিখিত আকারে অভিযোগকারীকে অবহিত করবে।

অভিযোগ প্রমাণিত হয়েছে কি না এবং তা চ্যান্সেলরের প্রবিধান A-831 এর বরখেলাপ বলে প্রতীয়মান হয় কি না সে-বিষয়ে প্রতিবেদনে একটি সিদ্ধান্ত অন্তর্ভুক্ত থাকবে।

### শিক্ষার্থীদের জন্য কী সহায়তা রয়েছে?

নিগৃহীত শিক্ষার্থী এবং নিষিদ্ধ আচরণে লিপ্ত শিক্ষার্থী উভয়কেই পরামর্শ, সহায়তা ও শিক্ষার জন্য স্কুলভিত্তিক আলাদা আলাদা কাউন্সেলিং এবং/ অথবা ভিন্ন ভিন্ন কম্যুনিটিভিত্তিক এজেন্সিতে পাঠানো প্রয়োজন।

NYC Department of Education

Bill de Blasio
মেয়র

**Carmen Fariña**
চ্যান্সেলর

যৌন হয়রানির ঘটনার খবর প্রদানকারী বা তদন্তে সহায়তাকারীর বিরুদ্ধে প্রতিশোধগ্রহণ নিষিদ্ধ। যেসব শিক্ষার্থী বিশ্বাস করে যে তারা প্রতিশোধের শিকার হয়েছে তাদের অবিলম্বে স্কুলের একজন তত্ত্বাবধায়কের সাথে যোগাযোগ করা উচিত।

আরও সহায়তার প্রয়োজন হলে, অনুগ্রহ করে ই-মেইল করুন: RespectForAll@schools.nyc.gov

***গোপনীয়তা:*** নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলসমূহের নীতি হচ্ছে এই নীতির আওতায় অভিযোগকারী সকল পক্ষ ও সাক্ষীর গোপনীয়তার বিষয়টিকে সম্মান করা। তবে, অভিযোগ মীমাংসায় কখনও কখনও আমাদেরকে তথ্য আদানপ্রদান করতে হতে পারে। তাই, অভিযোগের তথ্য যথোপযুক্ত পরিস্থিতিতে যথাবিহিত ব্যক্তিবর্গকে জানানো হতে পারে।

T&I-13877 (Bengali)

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন

# সবার জন্য মর্যাদা: আমাদের স্কুলগুলোকে যৌন হয়রানিমুক্ত রাখা

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোকে সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ ও সহায়ক রাখা



# *এনওয়াইসি পাবলিক স্কুলসমূহে সবার জন্য মর্যাদা*

এনওয়াইসি পাবলিক স্কুলগুলোর প্রত্যেক শিক্ষার্থী আমাদের স্কুল কম্যুনিটিতে আমাদের শহরের সাংস্কৃতিক বৈচিত্র্যের ঋদ্ধতা এবং সম্মানলাভের আকাঙ্ক্ষা নিয়ে আসে। শিক্ষার্থীদের দ্বারা শিক্ষার্থীদের যৌন হয়রানিমুক্ত নিরাপদ ও সহায়ক শিক্ষণ ও শিক্ষাদান পরিবেশ প্রদান করা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি। এধরনের হয়রানি অগ্রহণযোগ্য আচরণ এবং তা বরদাস্ত করা হবে না।

নিচে সংজ্ঞায়িত যৌন ইঙ্গিতপূর্ণ আচরণ বা যোগাযোগ দ্বারা একজন শিক্ষার্থী কর্তৃক অপর শিক্ষার্থীকে হয়রানি করা চ্যান্সেলরের প্রবিধান এবং সিটিব্যাপী শৃঙ্খলা ও হস্তক্ষেপমূলক পদক্ষেপসমূহের বরখেলাপ।

***সম্মান***: একজন ব্যক্তির প্রতি শ্রদ্ধা পোষণ বা তার মূল্য অথবা উৎকর্ষ সম্পর্কে ধারণা পোষণ করা; যথাযথ সমাদর বা সৌজন্য প্রকাশ; অপরের চরিত্রের মর্যাদার প্রতি শ্রদ্ধাবোধ; স্বীকৃতি; শ্রদ্ধেয় বা সম্মানিত হওয়া; অপরের প্রতি সম্মান বা বিবেচনা প্রদর্শন করা।

এই বিধান বরখেলাপের দায়ে দোষী সাব্যস্ত শিক্ষার্থীদের শৃঙ্খলা বিধি এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী যথাযথ শাস্তিবিধান করা হবে। (চ্যান্সেলরের প্রবিধান A-830 অনুযায়ী কোন কর্মচারী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি করা নিষিদ্ধ।)

এই নীতি স্কুলের মাঠ, স্কুলবাস এবং স্কুলের উদ্যোগে পরিচালিত সকল কর্মকাণ্ড, কর্মসূচি ও অনুষ্ঠানের ক্ষেত্রে কার্যকর।

চ্যান্সেলরের প্রবিধানসমূহ ও শৃঙ্খলা বিধির কপি প্রিন্সিপ্যালের অফিসে এবং অনলাইনে http://schools.nyc.gov/RulesPolicies/default.htm ঠিকানায় পাওয়া যাবে।

## যৌন হয়রানি কী?

শিক্ষার্থী-শিক্ষার্থী যৌন হয়রানি হচ্ছে একজন শিক্ষার্থী কর্তৃক অপর শিক্ষার্থীর বিরুদ্ধে আচরণ এবং/অথবা ইঙ্গিত। এটি অবাঞ্ছিত বা অনাকাঙ্ক্ষিত যৌন আচরণ, যৌনাচারের অনুরোধ, যৌন উদ্দেশ্যমূলক দৈহিক আচরণ বা যৌন ইঙ্গিতপূর্ণ মৌখিক বা অ-মৌখিক বা দৈহিক আচরণ বা যোগাযোগ, যা যথেষ্ট পরিমাণে মারাত্মক, ব্যাপক ও পৌনঃপুনিকভাবে নিচের বিষয়গুলোর অনুরূপ:

- শিক্ষামূলক কর্মসূচি, স্কুল পরিচালিত কার্যক্রম বা শিক্ষার্থীর শিক্ষার ক্ষেত্রে অন্য যেকোন বিষয়ে শিক্ষার্থীর অংশগ্রহণের সামর্থ্য বা সুফলভোগের জন্য যথেষ্টরকমে ব্যাঘাত ঘটায়; অথবা
- বিদ্বেষপূর্ণ, আক্রমণাত্মক বা ভীতিকর স্কুল পরিবেশ সৃষ্টি করে; অথবা
- অন্য কোনভাবে শিক্ষার্থীর শিক্ষা সুযোগে ক্ষতিকর প্রভাব বিস্তার করে।

এধরনের আচরণ সমলিঙ্গ বা বিপরীত লিঙ্গ যার প্রতি করা হোক না কেন যৌন হয়রানি হিসাবে বিবেচিত হতে পারে।

## নিষিদ্ধ আচরণের কয়েকটি নমুনা কী কী?

যৌন হয়রানি বিভিন্ন ধরনের হতে, যার অন্তর্ভুক্ত হতে পারে তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- যৌন ইঙ্গিতপূর্ণ দৈহিক আচরণ, যেমন আদর বা প্রশংসাসূচক মৃদু চাপড় দেয়া, চিমটি কাটা, জাপটে ধরা, যৌন ইঙ্গিতপূর্ণভাবে অপর ব্যক্তির সাথে গা ঘষা;
- যৌন মন্তব্য, টিপ্পনী, অপমান এবং/অথবা ঠাট্টা করা;
- যৌনতাধর্মী বা ইঙ্গিতপূর্ণ বস্তু, ছবি, ড্রইং প্রদর্শন বা বিতরণ করা;
- অশালীন অঙ্গভঙ্গি করা;
- যৌনকর্মের জন্য পীড়াপীড়ি করা;
- যৌন ইঙ্গিতপূর্ণ গুজব ছড়ানো;
- হিংস্র বা জবরদস্তিমূলক যৌন আচরণ (নিপীড়ন, ধর্ষণ)।
- ডেটিং-পার্টনারকে নিয়ন্ত্রণ করার জন্য কোন প্রকার ভয় দেখানো বা প্রকৃত শারীরিক, যৌন এবং/অথবা মানসিক নির্যাতন করা।

## তুমি যদি বিশ্বাস কর যে তোমাকে যৌন হয়রানি করা হয়েছে, তোমার কী করা উচিত হবে?

শিক্ষার্থী-শিক্ষার্থী যৌন হয়রানিমূলক ঘটনা লিপিবদ্ধ করার ভার প্রিন্সিপ্যালের উচিত একজন ব্যক্তির উপর ন্যস্ত করা।

- কোন শিক্ষার্থী যে বিশ্বাস করে যে সে অপর একজন শিক্ষার্থীর যৌন হয়রানির শিকার হয়েছে, তার অবিলম্বে বিষয়টি নির্ধারিত কর্মী বা স্কুলের অপর কোন কর্মীকে অবহিত করা উচিত।
- ঘটনা সংঘটনের পর যথাশীঘ্র সম্ভব বিষয়টি জানানো উচিত যাতে এর কার্যকর তদন্ত ও বিহিত করা সম্ভব হয়।

হয়রানির অভিযোগ লিখিত বা মৌখিকভাবে করা যাবে (অভিযোগের ফরম http://schools.nyc.gov/RulesPolicies/default.htm ঠিকানায় চ্যান্সেলরের প্রবিধান A-831 থেকে ডাউনলোড করা যাবে)।

- কোন কর্মী যিনি শিক্ষার্থী-শিক্ষার্থী যৌন হয়রানির ঘটনা চাক্ষুষ করেছেন বা যার কাছে এধরনের তথ্য আছে বা যাকে বলা হয়েছে যে একজন শিক্ষার্থী হয়তবা অপর এক শিক্ষার্থী কর্তৃক যৌন হয়রানির শিকার হয়েছে, তাকে অবিলম্বে কথিত বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মীর কাছে অবহিত করতে হবে। নির্ধারিত কর্মীর দায়িত্ব শিক্ষার্থী-শিক্ষার্থী যৌন হয়রানির সকল অভিযোগ প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করা।

## একজন শিক্ষার্থীকে যৌন হয়রানি করা শিক্ষার্থীর ভাগ্যে কী ঘটে?

***ডিপার্টমেন্ট অব এডুকেশন এই আচরণ নিষিদ্ধ করেছে***। শৃঙ্খলা বিধি ভঙ্গকারী শিক্ষার্থীরা সিটিব্যাপী মানদণ্ড ও চ্যান্সেলরের প্রবিধানA-831 অনুসারে যথাযথ শাস্তির মুখোমুখি হবে।

শিক্ষার্থী-শিক্ষার্থী যৌন হয়রানির অভিযোগগ্রহণের জন্য দায়িত্বপ্রাপ্ত স্কুলকর্মীর নাম জানতে অনুগ্রহ করে আপনার স্কুলের সর্বত্র টানানো ***সবার জন্য মর্যাদা*** পোস্টার দেখুন।